

## গ্লাস ডিজাইনের চার ক্যামেরার ওয়ালটন

# স্মার্টফোনে ১০ হাজার টাকা পর্যন্ত ক্যাশব্যাক

কমপিউটার জগৎ রিপোর্ট

**সা**শ্রয়ী দামে একের পর এক অত্যাধুনিক ফিচারের স্মার্টফোন দিয়ে প্রযুক্তিবাজারে চমক দিচ্ছে ওয়ালটন। নিজস্ব কারখানায় তৈরি উচ্চমানের স্মার্টফোন দিয়ে ক্রেতাদের আস্থা অর্জন করে নিয়েছে দেশের একমাত্র মোবাইল ফোন উৎপাদনকারী প্রতিষ্ঠানটি। এরই ধারাবাহিকতায় ওয়ালটন বাজারে ছেড়েছে সম্পূর্ণ গ্লাস ডিজাইনের এআই সমৃদ্ধ কোয়াড (চার) ব্যাক ক্যামেরার নতুন স্লিম স্মার্টফোন। যার মডেল ‘প্রিমো আরএক্সএইট’। আকর্ষণীয় ডিজাইনের বড় পর্দার ফোনটিতে ৩২ মেগাপিক্সেল পাঞ্চহোল সেলফি ক্যামেরাসহ অত্যাধুনিক সব ফিচার রয়েছে।

ওয়ালটন মোবাইলের হেড অব সেলস আসিফুর রহমান খান জানান, ‘প্রিমো আরএক্সএইট’ ফোনটির মূল্য ১৫,৫৯৯ টাকা। তবে ১৫ এপ্রিল, ২০২১ পর্যন্ত ক্রেতাদের ১০ হাজার টাকা পর্যন্ত নিশ্চিত ক্যাশব্যাক দেয়া হচ্ছে। দেশের সব ওয়ালটন প্লাজা, মোবাইল ব্র্যান্ড ও রিটেইল আউটলেটের পাশাপাশি ফোনটি ঘরে বসে অনলাইনের ইপ্লাজা.ওয়ালটনবিডি (eplaza.waltonbd.com) থেকে কেনা যাচ্ছে।

তিনি আরো জানান, ক্যাশব্যাক পেতে হ্যান্ডসেট কেনার পর এসএমএসের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। এজন্য বিও (BO) লিখে স্পেস দিয়ে ক্রয়কৃত ফোনটির আইএমইআই নম্বর (IMEI) লিখে ০১৭৫৫৬১১১১ নম্বরে সেভ করতে হবে। ফিরতি মেসেজে ক্রেতাকে ক্যাশব্যাকের পরিমাণ জানিয়ে দেয়া হবে, যা ফোনটির ক্রয়মূল্যের সাথে সমন্বয় করা যাবে।

ওয়ালটন সূত্রে জানা গেছে, অক্সফোর্ড গ্ল্যাক এবং অলিভ গ্রিন-এই দুটি আকর্ষণীয় রঙের ‘প্রিমো আরএক্সএইট’ স্মার্টফোনে রয়েছে ৬.৫৫ ইঞ্চির ২০:৯ রেশিওর পাঞ্চ হোল ডিসপ্লে। এইচডি প্লাস পর্দার রেজুলেশন ১৬০০ বাই ৭২০ পিক্সেল। এলটিপিএস ইনসেল প্রযুক্তির স্মার্টফোনটিতে রয়েছে ধূলা ও আঁচররোধী ২.৫ডি কার্বড গ্লাস। এর উভয় পাশে ব্যবহৃত হয়েছে গ্লাস প্যানেল। ফলে এটি দেখতে যেমন সুন্দর, তেমনই বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার এবং ভিডিও দেখা, গেম খেলা, বই পড়া বা ইন্টারনেট ব্রাউজিংয়ে দেবে অনন্য অভিজ্ঞতা।

ফোনটি অ্যান্ড্রয়েড ১০ অপারেটিং সিস্টেমে পরিচালিত। এতে ব্যবহৃত হয়েছে ২.০ গিগাহার্টজ গতির এআরএম কর্টেক্স-এ৫৩ ১২ ন্যানোমিটার অক্টাকোর প্রসেসর। সঙ্গে রয়েছে ৪ জিবি র‍্যাম এবং পাওয়ার ভিআর জিই৮৩২০ গ্রাফিক্স। যা নিশ্চিত করবে ফোনের কার্যক্ষমতা ও উচ্চগতি। ফলে বিভিন্ন অ্যাপস ব্যবহার, ইন্টারনেট ব্রাউজিং, থ্রিডি গেমিং এবং দ্রুত ভিডিও লোড ও ল্যাগ-ফ্রি ভিডিও স্ট্রিমিং সুবিধা মিলবে। প্রয়োজনীয় ছবি, মিউজিক, ভিডিও, ফাইলসহ প্রয়োজনীয় কনটেন্ট সংরক্ষণে ফোনটিতে ১২৮ গিগাবাইটের অভ্যন্তরীণ মেমোরি (ইন্টারন্যাল স্টোরেজ) দেয়া হয়েছে, যা ২৫৬ জিবি পর্যন্ত মাইক্রো এসডি কার্ড সাপোর্ট করবে।

এই ফোনের পেছনে রয়েছে এলইডি ফ্ল্যাশযুক্ত পিডিএফ প্রযুক্তির এফ ২.০ অ্যাপারচার সমৃদ্ধ এআই কোয়াড (চার) ক্যামেরা। ৫পি লেন্স সমৃদ্ধ ১৬ মেগাপিক্সেলের প্রধান ক্যামেরা দেবে উজ্জ্বল ছবি। এতে আছে ৮ মেগাপিক্সেলের ১২০ ডিগ্রি ওয়াইড অ্যাঙ্গেল ক্যামেরা। আর ৫ মেগাপিক্সেলের ম্যাক্রো এবং ২ মেগাপিক্সেলের ডেপথ ক্যামেরা



নিশ্চিত করবে ডেফথ-অব-ফিল্ড ইফেক্ট। ফলে ছবিতে প্রোফেশনাল বোকেহ ইফেক্ট পাওয়া যাবে। ব্যাকগ্রাউন্ড ব্লার করে ছবি তোলা সম্ভব হবে।

আকর্ষণীয় সেলফির জন্য সামনে রয়েছে পিডিএফ প্রযুক্তির ৫পি লেন্স সমৃদ্ধ এফ ২.০ অ্যাপারচারের ৩২ মেগাপিক্সেল ক্যামেরা। ক্যামেরায় নরমাল এবং প্রো মোড ছাড়াও অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে এআই ফেস ডিটেকশন, নাইট মোড, ফিল্টার মোড, পোরট্রেইড মোড, ফেস কিউট, এইচডিআর, প্যানোরমা, টাইম ল্যাপস, জিফ, ডিজিটাল জুম, সেলফি টাইমার, অটো ফোকাস, টাচ ফোকাস, টাচ শট, ডিসপ্লে ফেসিয়াল ইনফরমেশন, ফিঙ্গার ক্যাপচার, স্মাইল শট, কিউআর কোড, ম্যাক্রো, সেলফি প্যানোরমা, ওয়াটারমার্ক, বিউটি ভিডিও ইত্যাদি। উভয় পাশের ক্যামেরায় ফুল এইচডি ভিডিও ধারণ করা যাবে।

পর্যাপ্ত পাওয়ার ব্যাকআপের জন্য স্মার্টফোনটিতে ব্যবহৃত হয়েছে ৪০০০ মিলিঅ্যাম্পিয়ারের লি-পলিমার ব্যাটারি। ১৮ ওয়াট ফাস্ট চার্জিং সুবিধা থাকায় সহজেই দ্রুততম সময়ে চার্জ দেয়া যাবে। কানেক্টিভিটি হিসেবে আছে ডুয়াল ব্যান্ড ওয়াই-ফাই, ব্লুটুথ, ইউএসবি টাইপ সি পোর্ট, ওয়ারলেস ডিসপ্লে, ল্যান হটস্পট, ওটিএ এবং ওটিজি। ৮.৩ মিমি স্লিম হ্যান্ডসেটটির অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ডুয়াল সিম ফোরজি ভিওএলটিই বা ভোল্টি নেটওয়ার্ক সাপোর্টসহ হাইব্রিড সিম স্লট, রেকর্ডিং সুবিধাসহ এফএম রেডিও, ফুল এইচডি ভিডিও প্লে-ব্যাক, ফেস আনলক, সুপার ফাস্ট ফিঙ্গারপ্রিন্ট ইত্যাদি।

দেশে তৈরি এই স্মার্টফোনে রয়েছে বিশেষ রিপ্লেসমেন্ট সুবিধা। স্মার্টফোন কেনার ৩০ দিনের মধ্যে ত্রুটি ধরা পড়লে ফোনটি পাল্টে ক্রেতাকে নতুন আরেকটি ফোন দেয়া হবে। এছাড়া ১০১ দিনের মধ্যে প্রায়োরিটি বেসিসে ৪৮ ঘণ্টার মধ্যে ক্রেতা বিক্রয়োত্তর সেবা পাবেন। তাছাড়া স্মার্টফোনে এক বছরের এবং ব্যাটারি ও চার্জারে ছয় মাসের বিক্রয়োত্তর সেবা থাকছে **৫০**